



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন বিভাগ
www.caab.gov.bd



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২০১.১৭.০০১.২০.৪২৭

৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: নতুন সদরদপ্তরের ৪র্থ তলার করিডোরের সিলিং পড়ে যাওয়া প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১৫/০৪/২০২৪ তারিখ আনুমানিক রাত ১:০০ ঘটিকার সময় অফিস গেটে কর্তব্যরত নিরাপত্তা কর্মী জনাব মোঃ সহিদ উল্লাহ, সশস্ত্র নিরাপত্তা প্রহরী সদর দপ্তর বিল্ডিং এর ভিতর একটি বিকট আওয়াজ শুনতে পান। তিনি অন্য সহকর্মীদের সঙ্গে নিয়ে এসে দেখতে পান যে ৪র্থ তলার লিফটের সামনের সম্পূর্ণ সিলিং ফ্লোরে পড়ে গেছে। ঘটনাটি গভীর রাতে সংঘটিত হওয়ায় এবং সেখানে কোনো লোক না থাকার কারণে কোনো ধরনের ক্ষয়ক্ষতির ঘটনা ঘটেনি। এ বিষয়ে পরবর্তীতে সংশ্লিষ্ট প্রকৌশল বিভাগের সাথে যোগাযোগ করা হলে প্রকৌশলীগণ সরেজমিন পরিদর্শনপূর্বক আনুমানিক বেলা ২:৩০ ঘটিকার মধ্যে ভেঙ্গে পড়া সিলিং অপসারণ করলে ফ্লোরের চলাচল স্বাভাবিক হয়। এছাড়াও চেয়ারম্যান মহোদয়, নিম্নস্বাক্ষরকারীসহ অন্যান্য কর্মকর্তাগণ ঘটনাস্থল পরিদর্শন করেন এবং এ ধরনের ঘটনায় বিস্ময় ও শংকা প্রকাশ করেন। পড়ে যাওয়া সিলিং শুধুমাত্র কয়েকটি স্কু দিয়ে আটকানো ছিলো বলে ভার বইতে না পেরে নিচে পড়ে যায় মর্মে অনুমিত। গত কয়েকদিন পূর্বে রাতে ঝড়ে অফিস গেইটের সিলিং এর কিছু অংশ নিচে পড়ে যায় এবং সেই সময়ও সংশ্লিষ্ট প্রকৌশল বিভাগকে অবহিত করে অপসারণের ব্যবস্থা করা হয়। সদস্য (পরিঃ ও পরিঃ) মহোদয়ও বিষয়টি অবগত আছেন। নিরাপত্তা কর্মীগণ বিভিন্ন সময়ে বিশেষ করে অফিস সময়ের পরে নিরাপত্তা নজরদারীর অংশ হিসেবে ফ্লোর পরিদর্শন করেন। সংঘটিত ঘটনাটি তাঁদের মনেও ভীতির সঞ্চার করেছে।

২.০ সদর দপ্তরের অন্যান্য ফ্লোরের সিলিং এর বর্তমান অবস্থা কেমন সে বিষয়ে সুনিশ্চিত হওয়া প্রয়োজন। এছাড়াও অফিস চলাকালীন এ ধরনের দুর্ঘটনা সংঘটিত হলে কর্মকর্তা/কর্মচারীদের সুরক্ষা ঝুঁকির সম্মুখীন হবে বলে প্রতীয়মান।

৩.০ এমতাবস্থায়, বিষয়টি সদয় অবগতি ও অতি দ্রুত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-০৪-২০২৪

আবু হালেহ মোঃ মুসা জঙ্গী

পরিচালক (প্রশাসন)

+৮৮০ ২ ৮৯০১৪১২

dadmin@caab.gov.bd

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২০১.১৭.০০১.২০.৪২৭/১ (৮)

৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব), সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ২। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৩। পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), পরিচালক (মানব সম্পদ) এর দপ্তর, মানব সম্পদ বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সিভিল সার্কেল, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৬। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

৭। সহকারী নিরাপত্তা কর্মকর্তা, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা। এবং
৮। অফিস কপি।



A handwritten signature in blue ink, appearing to be 'Abu Hossain' or similar, written on a light blue background.

২২-০৪-২০২৪

আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী
পরিচালক (প্রশাসন)